## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২২শে পৌষ বুধবার ১৩৬৫ ইংরাজী 7th Jan. 1959 { ৩৪শ সংখ্যা

১৭ই পৌষ ১৮৮০ শকাব্দ






মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

কুমারেশ

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২২শে পৌষ বুধবার সন ১৩৬৫ সাল।

# দীনদয়াল সিংহ

—০—

দেশে এক নামকরা দাতা ছিলেন, তাঁর নাম ছিল দীনদয়াল সিংহ। তিনি প্রার্থী বুঝিয়া বুঝিয়া দান করিতেন। লোকে যে তাঁর সে দৌর্ব্বল্য না বুঝিত তা নয়। তবুও তাঁর সামনে তাঁর যশকীর্ত্তন না করিলে এঁটোটা কাঁটাটা মিলবে না তাই তাঁকে খুশী রাখিবার জন্য সর্ব্বদা তোষামোদ করিত। দাতাও এতগুলি লোকের "আজ্ঞে হাঁ আজ্ঞে হাঁ" ছাড়া "আজ্ঞে না" খুব কম শুনিয়া মনে করিতেন দেশের সব লোকই তাঁহার কায়ার সঙ্গে ছায়ার মত অনুগমন করিবে। দীনদয়াল সিংহ মহাশয় নিজের তবিল হ'তে বড় একটা দান করিতেন না। এক-জনের নিয়ে অন্য লোককে দিতে তিনি সিদ্ধ হস্ত ছিলেন।

দেশের সব প্রার্থীকে সমান অনুকম্পা দেখাতে তিনি অভ্যস্ত ছিলেন না। দীন দরিদ্র হলেও অনেকের বোধশক্তি ধনহীনতার জন্য লুপ্ত হয় না। তাঁহারা দীনদয়ালের এই কায়দা ধরিয়া ফেলিলেন। শেষ অবধি তিনি যে "সিন্নি দেখে এগোন আর কোঁৎকা দেখে পেছোন," এটাও কোন কোন সম্প্রদায় বুঝিয়া ফেলিল। যে জিনিষ দান করার অধিকার তাঁর নাই সেই জিনিষ যখন এক কোঁৎকা-ওয়ালাদের উৎকোচ-স্বরূপ দিবার প্রতিশ্রুতি দিয়া অন্য নিরীহ ব্যক্তিদের সর্ব্বনাশ করিবার উপক্রম করিলেন তখন এক প্রদেশের সকলে এক মত হ'য়ে এই দানের অন্তরায় হইয়া উঠিলেন তখন পৃথিবীর লোক সব বুঝিলেন—দীনদয়াল সিংহ শক্তের কাছে দীনদয়াল আর, অক্ষম নাচারদের কাছে সিংহ। সিংহ মহাশয় অন্য এক প্রবল দলের নিকট তাঁহার এবম্বিধ মহাদানের মহিমা বর্ণন করিবার ও এই দান যে সাত্ত্বিক তাহার ফল অবশ্যম্ভাবী। প্রবলকে খুশী ও দুর্ব্বলকে ধনে প্রাণে নষ্ট করার ব্যাপারে প্রসিদ্ধ হিন্দী কবি যা বলিয়াছেন তাই নিম্নে উদ্ধৃত করিলাম। জানিনা ইহাতে দীনদয়াল সিংহ হিংস্রত্ব ত্যাগ করিয়া প্রকৃত দীনদয়াল হইবেন কি না—

যো তুঁকো কাঁটা বুয়ে
তাকো বুয়ো তু ফুল—
তুঁহারা ফুল, ফুল রহেগা
উস্‌কা কাঁটা হোগা ত্রিশূল।

অর্থ :—যে তোমার দুয়োরে কাঁটা বপন করে, তুমি তার দুয়োরে ফুল বপন করিবে। তোমার ফুল, ফুলই থাকিবে উহার কাঁটা উহার পক্ষে ত্রিশূল হইবে। প্রবলকে উৎকোচ দিবার সময় কিন্তু এ কবিতা প্রযোজ্য নহে।

সিংহ মহাশয় যে গরীব নাচারদের উৎপীড়কের হাতে ফেলিয়া দিয়া তাহাদের দীর্ঘ নিশ্বাস লইতেছেন তাহার সম্বন্ধে কবি বলিয়াছেন—

দুর্ব্বলকো ন সন্তাইয়ে
তাকো মোটী হায়!
মুয়ে চামকা ফুঁক্‌সে
লোহে ভসম্ হো যায়।

অর্থ :—বলহীন নাচারকে সন্তাপ দিতে নাই। তার দীর্ঘ নিশ্বাস খুব প্রবল। কবি কর্ম্মকার ও স্বর্ণকারের কারখানায় মড়া চামড়ায় প্রস্তুত ভস্ত্রা (bellows—হাওয়া দেওয়া হাতিন) দেখাইয়া বলিতেছেন মড়া চামড়ার নিশ্বাসে লোহার মত শক্ত জিনিষ ভস্ম হইয়া যায়। জীবন্ত সহস্র সহস্র ব্যক্তির নিশ্বাসে একজন জুলুমীর যে সর্ব্বনাশ হইবে তাহাতে কোন সন্দেহ নাই।

যে দেশে শতকরা ৮০ জন লোক নিরক্ষর, সে দেশে রাজা হওয়া পশুদের রাজা সিংহ তুল্য পরাক্রমশালী হইয়া মদমত্ত করীর মস্তক বিদীর্ণ করিলেও সিংহ পশু ছাড়া আর কিছুই নহে।

---

# ডাকের চিঠির নিরাপত্তা

৬ই জানুয়ারী মঙ্গলবারের যুগান্তর বেশ প্রমাণ-সহ বুঝাইয়া দিয়াছেন—ডাকের চিঠি সময়ে বাক্সে ফেলিলেই যে প্রাপকের হাতে পৌছিবে ইহা যেন কেহ না মনে করেন। বহু চিঠির আলোক চিত্রসহ নর্দ্দমার ধারে গঙ্গার ঘাটে নর্দ্দমায় প্রবাহিত খাম কুড়াইয়া রিপোর্টার সকলের ভুল ধারণা দূর করিয়াছেন। পোষ্টাফিসের বাবুদের কর্ত্তব্যজ্ঞান থাকিলেই হইবে না। যে চিঠির বাক্সে চিঠি দিলেন, যে বিধাতার হাতে সেই বাক্স খুলিয়া তাহা ডাক-ঘরের মোহরযুক্ত হইয়া ডাক ব্যাগে গিয়া ঠিকানায় পৌছিবে ইহার মধ্যে কত ফাঁড়া আছে কে বলিবে! ৬ই জানুয়ারী ১৯৫৯ মঙ্গলবারের যুগান্তর দেখিলেই কত গুপ্ত চিঠি, কত শোক-সংবাদ, কত প্রেমপত্র, কত সওদাগরী পত্র যে যেখানে সেখানে লেখক লেখিকার সর্ব্বনাশ ও প্রাপকের সাংঘাতিক ফল-প্রদান করিবে তাহা কে বলিবে। রাজদ্রোহী বা চোর ডাকাতের চিঠি ধরিবার জন্য ডাকের চিঠি ডাকঘরে সরকারী হুকুমনামা লইয়া খোলার ব্যবস্থা আছে। তাহা বিশেষ বিশেষ লোকের নামের খাম। কিন্তু পথে, ঘাটে নর্দ্দমায় এবং যেখানে সেখানে এই সব চিঠি পড়িয়া থাকিবে ইহা কেহ কখনও স্বপ্নে ভাবে নাই। যিনি ডাক বাক্স খোলেন তিনি যে পত্রাদির প্রথম বিধাতা ইহা কেহ কখনও ভাবেন নাই।

বহুদিন হইতে দেশে একটি হাসির গল্প চলিত আছে—এক ডাকঘরের চিঠি বিলি করা পিওন দেশে গিয়ে সে যে চাকুরী করে অর্থাৎ সে যে ডাক ঘরের পিওন তা বলিতে সমীহ করে বলিয়া সত্য কথার উপর একটু ইংরাজী অলঙ্কার দিয়া নিজেকে বড় চাকুরে বুঝাইবার জন্য বলিত আমি? আমি কি চাকরী করি শুনবে? "ডেলিভারী পোষ্টম্যান্ অব্ দি পোষ্ট্যাল ডিপার্টমেণ্ট আণ্ডার দি পোষ্ট মাষ্টার জেনারাল অব্ বেঙ্গল এণ্ড আসাম আণ্ডার দি ইম্পিরিয়্যাল গবর্ণমেণ্ট।" তার কথা একটিও মিথ্যা নয়। কিন্তু যে ডাক বাক্স ক্লিয়ার করে সে যে চিঠির হর্ত্তা কর্ত্তা বিধাতা তা এর আগে ক'জন জানতেন? আশা করি কোনও ডেলিগেট নাগপুর **অভয়ঙ্কর নগরে** এই **ভয়ঙ্কর** সংবাদ দিয়া দেশের বর্ত্তমান অবস্থা শাসন কর্ত্তৃত্বাধিকারী কংগ্রেসের গোচরে আনিয়া দেশকে বাধিত করিবেন। ঘটনাটি হাওড়া ডাক বিভাগে সংঘটিত হইয়াছে।

"সত্যমেব জয়তে!"

---

## জেলা বোর্ডের স্বাস্থ্য বিভাগ

১লা জানুয়ারী হইতে জেলা বোর্ড সমূহের স্বাস্থ্য বিভাগ সরকার গ্রহণ করিয়াছেন। সরকারের নিজস্ব স্বাস্থ্য বিভাগ আছে। জেলা বোর্ডের পৃথক স্বাস্থ্য বিভাগ থাকায় অধিকাংশ ক্ষেত্রে এলাকা বা করণীয় সম্বন্ধে ভিন্ন ভিন্ন মত দেখা দিত। ফলে অনেক সময় অসুবিধা হইত।

---

## লালবাগ মহকুমা কৃষি-শিল্প ও স্বাস্থ্য প্রদর্শনী

লালবাগের মহকুমা শাসক ও প্রদর্শনী কমিটির সভাপতি মহাশয় জানাইতেছেন—জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে উক্ত মহকুমা প্রদর্শনী হইবে বলিয়া পূর্ব্বে প্রচারিত হইয়াছিল কিন্তু অনিবার্য্য কারণ-বশতঃ উহা ১৪ই ফেব্রুয়ারী হইতে ২১শে ফেব্রুয়ারী পর্য্যন্ত অনুষ্ঠিত হইবে। প্রদর্শনীকে সাফল্যমণ্ডিত করিবার জন্য কমিটি জনসাধারণের সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনা করিতেছেন।

---

## তাঁত শিল্পীদের ক্ষতি

কিছুদিন পূর্ব্বে রাত্রিকালে রঘুনাথগঞ্জ থানার সেকন্দরা গ্রামের শ্রীশশধর দাস ও শ্রীসুবল দাসের সূতা জড়ান তাঁতের সূতা কাটিয়া নষ্ট করিয়াছে। ইউনিয়ন বোর্ড নির্ব্বাচনের পরই এই ঘটনা ঘটিয়াছে। গরীবদের এ ভাবে ক্ষতি করা হৃদয়-হীনতার পরিচয়।

---

## কলিকাতার ভারতীয় যাদুঘর

ভারতের উপরাষ্ট্রপতি ডাঃ সর্ব্বপল্লী রাধাকৃষ্ণণ গত ২৮শে ডিসেম্বর কলিকাতার ভারতীয় যাদুঘরের একটি নূতন অগ্নি নিরোধক গৃহের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। ঐ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কেন্দ্রীয় বৈজ্ঞানিক, গবেষণা ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী অধ্যাপক হুমায়ুন কবীর।

---

## রোগীর করুণ কাহিনী

গত ১৮ই পৌষ তারিখের "আনন্দবাজার পত্রিকায়" শ্রীষষ্ঠী নিয়োগী নামক একজন রোগী কলিকাতার হাসপাতালের নার্স ও ডাক্তার বাবুদের আচরণ সম্বন্ধে যে বিশদ বিবরণী প্রকাশ করিয়াছেন তাহা পড়িয়া পাঠকগণের ভয়ের সঞ্চার হইয়াছে। উক্ত রোগী পশ্চিমবঙ্গের মুখ্য মন্ত্রী ডাঃ শ্রীবিধানচন্দ্র রায় মহাশয়ের সুপারিশ লইয়া আর, এন, সরকার হাসপাতালে ভর্ত্তি হইয়াছিলেন। এই রোগীর প্রতি দুর্ব্ব্যবহারের কথা মন্ত্রী মহোদয়ের কর্ণগোচর হইলে নার্স ও চিকিৎসকদের কৈফিয়ত দিতে হইবে বলিয়া ঐ রোগীর দেহে অস্ত্রোপচার করিয়া মারিয়া ফেলিবার ষড়যন্ত্র হইয়াছিল। রোগী চিকিৎসকদের পরামর্শ স্বকর্ণে শুনিয়া হাসপাতাল হইতে পলায়ন করেন।

---

## শরৎ বসু একাডেমী

৩৮।২, এলগিন রোড, কলিকাতা—২০

শরৎ বসু একাডেমী, বাংলা দেশের ও বাঙ্গালীর জাতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রের উপর, বাংলা ও ইংরাজী ভাষায়, এ যাবৎ রচিত ও প্রকাশিত, গ্রন্থসমূহের একটি প্রামাণ্য গ্রন্থপরিচিতি (Bibliography) প্রকাশ করিতে উদ্যোগী হইয়াছেন। শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে এ জাতীয় সংগ্রহের মূল্য সম্পর্কে ভূমিকা বাহুল্য। এই উদ্যোগের প্রথম প্রস্তুতি হিসাবে 'একাডেমী' আগামী ১৯৫৯ সালের ২৩শে জানুয়ারী, 'নেতাজী ভবনে' উক্ত বিষয়ক গ্রন্থ সমূহের একটি প্রদর্শনীর আয়োজন করিতেছেন। এই প্রদর্শনীতে বাংলার কৃষ্টি ও সংস্কৃতির মূল্য-মান নির্দ্ধারণে সক্ষম, প্রতিনিধিমূলক গ্রন্থাদি প্রদর্শনের প্রচেষ্টা হইবে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, প্রদর্শনীতে একটি পৃথক বিভাগে, নেতাজী সুভাষচন্দ্র সম্পর্কে বিভিন্ন ভাষায় প্রকাশিত রচনাবলী ও তাঁহার সম্পর্কে অপ্রকাশিত তথ্যাদিও প্রদর্শিত হইবে। এই প্রচেষ্টাকে সাফল্যমণ্ডিত করিতে দেশী-বিদেশী লেখক, প্রকাশক, গ্রন্থাগারিক এবং এ বিষয়ে অনুরাগী জনসাধারণের সহানুভূতি ও সহযোগিতা একান্ত প্রয়োজন। উপরোক্ত প্রদর্শনীর উভয় বিভাগে প্রদর্শনযোগ্য আপনার অথবা আপনাদের প্রতিষ্ঠানের গ্রন্থাদি, আগামী ১৯৫৯ সালের ১৫ই জানুয়ারীর মধ্যে 'শরৎ বসু একাডেমী'তে প্রেরণ করিয়া আমাদের সহিত সহযোগিতা করিলে বিশেষ বাধিত হইব। বলা বাহুল্য আমাদের নিকট প্রেরিত গ্রন্থাদি রসিদ দ্বারা গৃহীত হইবে এবং প্রদর্শনীর পর প্রত্যর্পিত হইবে। কৃতজ্ঞতা-স্বরূপ প্রদর্শনীতে প্রেরকদিগের নামোল্লেখও থাকিবে।

---

## স্বল্প সঞ্চয় পক্ষ

আগামী ১০ই জানুয়ারী হইতে এক পক্ষকাল জাতীয় স্বল্প সঞ্চয় পক্ষ প্রতিপালিত হইবে। প্রত্যেক গৃহস্থ সামর্থ্য অনুযায়ী ৫৲, ১০৲, ৫০৲, ১০০৲, ৫০০৲, ১০০০৲ ও ৫০০০৲ টাকা মূল্যের ১২-বছর মেয়াদী ন্যাশনাল প্ল্যান সেভিংস সার্টিফিকেট কিনিয়া এই পরিকল্পনাকে জয় যুক্ত করুন। ১২-বছর মেয়াদী ন্যাশনাল প্ল্যান সেভিংস সার্টিফিকেট, ১০-বছর মেয়াদী ট্রেজারী সেভিংস ডিপোজিট সার্টিফিকেট, পোষ্ট অফিস সেভিংস ব্যাঙ্ক ডিপোজিট হইতে প্রাপ্ত সুদের টাকার জন্য আয়কর দিতে হইবে না।

---

লিভার ও পেটের পীড়ায়
কুমারেশ

---

## নিলামের ইস্তাহার

**চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত**

**নিলামের দিন ১৯শে জানুয়ারী ১৯৫৯**

১৯৫৮ সালের ডিক্রীজারী

৭৩ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং গোলচেহেরা বিবি দিং দাবি ১৮ টাকা ৮০ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে থৈরটি ২-১০ শতকের কাত ৬৴১ পাই আঃ ১০৲ থং ২৭৭

---



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১৬

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত